দৈনিক
ইত্তেফাক

0 8 APR 2018

তারিখ ··· [illegible]
পৃষ্ঠা ···১৫··· কলাম ···১···

# কয়রায় নকলে বাধা দেওয়ায় এইচএসসি পরীক্ষার্থীদের হাতে শিক্ষক প্রহৃত!

■ কয়রা (খুলনা) সংবাদদাতা

নকলে বাধা দেওয়ায় খুলনার কয়রায় এইচএসসি পরীক্ষার্থীরা সংঘবদ্ধ হয়ে এক কক্ষ পরিদর্শককে মারধর করেছে। মারধরের শিকার শিক্ষক হলেন, কয়রা সরকারি মহিলা কলেজের অর্থনীতি বিভাগের প্রভাষক অরুণ মল্লিক।

শনিবার ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষা শেষ হওয়ার পর উপজেলার তকিম উদ্দীন মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের সামনে তাকে মারধর করা হয়। ঘটনার পর কেন্দ্র সচীবের কক্ষে সকল শিক্ষকরা আলোচনায় বসেছেন। হল সুপার মো. হাবিবুর রহমান জানিয়েছেন, শিক্ষক অরুণ মল্লিক ওই কেন্দ্রের ৬ নম্বর কক্ষে পরিদর্শকের দায়িত্ব পালন করছিলেন। পরীক্ষা চলাকালীন কয়েকজন ছাত্র অসদুপায় অবলম্বন করায় তাদেরকে বাধা দেন তিনি। এতে ক্ষিপ্ত হয়ে তারা পরীক্ষা শেষে দলবদ্ধ হয়ে ওই শিক্ষকের উপর হামলা চালায়। পরে অন্য শিক্ষকরা এগিয়ে এসে তাকে আহত অবস্থায় উদ্ধার করেন। লাঞ্ছিত শিক্ষক অরুণ মল্লিক বলেন, যথাযথভাবে দায়িত্ব পালন করায় ছাত্ররা ক্ষিপ্ত হয়ে আমার উপর হামলা চালিয়েছে। ঘটনাটি কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

কয়রা উপজেলা নির্বাহী কর্মকর্তা শিমুল কুমার সাহা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনা দুঃখজনক। এ বিষয়ে তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।